

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৩৬৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. তৃতীয় অনুচ্ছেদ - জুমু'আর সালাত

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ قَرَأَ: (الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ)
الْآيَةَ وَعِنْدَهُ يَهُودِيٌّ فَقَالَ: لَوْ نَزَلَتْ هَذِهِ الْآيَةُ عَلَيْنَا لَاتَّخَذْنَا عِيدًا فَقَالَ ابْنُ عَبَّاسٍ: فَإِنَّهَا
نَزَلَتْ فِي يَوْمٍ عِيدَيْنِ فِي يَوْمٍ جُمُعَةٍ وَيَوْمٍ عَرَفَةَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ
غَرِيبٌ

বাংলা

১৩৬৮-[১৫] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি এ আয়াত তিলাওয়াত করলেন, "আজকের দিনে আমি তোমাদের জন্য তোমাদের জীবন-বিধানকে পরিপূর্ণ করে দিলাম, তোমাদের ওপর আমার সকল নি'আমাত পূর্ণ করে দিয়েছি এবং তোমাদের জন্য দীন হিসেবে ইসলামকে মনোনীত করেছি"- (সূরাহ্ আল মায়িদাহ্ ৫: ৩)। এমতাবস্থায় তাঁর কাছে এক ইয়াহুদী বসা ছিল। সে ইবনু 'আব্বাসকে বলল, যদি এ আয়াত আমাদের ওপর নাযিল হত তাহলে আমরা এ দিনটিকে ঈদের দিন হিসেবে খুশীর উদযাপন করতাম। ইবনু 'আব্বাস (রাঃ) বললেন, এ আয়াতটি দু'ঈদের দিন, বিদায় হাজ্জ (হজ/হজ্জ) ও 'আরাফার জুমু'আর দিন নাযিল হয়েছে। (তিরমিযী; তিনি বলেছেন, এ হাদীসটি হাসান ও গরীব)[১]

ফুটনোট

[১] সহীহুল ইসনাদ : আত্ তিরমিযী ৩০৪৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ অর্থঃ “আজকের দিনে আমি তোমাদের জন্য তোমাদের জীবন বিধানকে পরিপূর্ণ করে দিলাম” এর অর্থ হলো হালাল-হারাম জানার ব্যাপারে এবং ‘আকাইদের নীতিমালা, ক্রিয়াসের নিয়ম-কানুন এবং ইজতিহাদের মৌলিক নীতিমালা জানার ক্ষেত্রে যার দিকে মুসলিম মাত্র সকলেই মুখাপেক্ষী হবে। কেউ বলেছেন, সেটার বিধি-বিধানগুলো, ফরযগুলো ও শার'ঈ নীতিমালা- সেটার পর আর হালাল-হারাম অবতীর্ণ হবে

না।

এখানে (الْأَيُّ) আয়াত বলতে আল্লাহ তা‘আলার কথা كُمْ دِينَكُمْ অর্থাৎ হিদায়াত ও তাওফীক বা সক্ষমতা, অথবা দিনের পরিপূর্ণতা, অথবা মক্কা বিজয় ও তাতে নিরাপদে প্রবেশ করা। কেউ বলেছেন, তোমাদের দুনিয়াবী সকল বিষয়। وَرَضِيَتْ অর্থাৎ আমি নির্বাচিত করেছি, الْإِسْلَامَ دِينًا বা অবস্থাবাচক, অর্থাৎ সকল দীনের মাঝে সেটাকে তোমাদের জন্য নির্বাচিত করেছি এবং ঘোষণা দিয়েছি যে, সেটাই একমাত্র মনোনীত ধর্ম।

হাফিয আসক্বালানী (রহঃ) বলেন, এ ইয়াহুদী লোক হলো কা‘ব আল আহবার। সেটাই মুসাদ্দাদ তার মুসনাদে, তাবারী তাঁর তাফসীরে, ত্বারানী আওসাত গ্রন্থে বর্ণনা করেছেন।

(في يوم الجمعة) অর্থাৎ আলিফ-লাম যোগে, এটি পূর্ববর্তী বাক্যের বদল অর্থাৎ আল্লাহ তা‘আলা উক্ত আয়াতে কারীমা এমন দিনে অবতীর্ণ করেছেন, যা আমাদের নিজের জন্য ঈদ না হলেও তা মর্যাদায় ও শ্রেষ্ঠত্বে আমাদের নিকট ঈদ। কেননা তা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি নাযিল হয়েছে জুমু‘আর দিন ‘আরাফায়। তাবারীতে ‘উমার (রাঃ)-এর বর্ণিত হাদীসে রয়েছে যে,

(في يوم الجمعة يوم عرفة) অর্থাৎ তা নাযিল হয়েছে জুমু‘আর দিন ‘আরাফায়। “আল হামদুলিল্লা-হ” উভয়টি আমাদের জন্য ঈদ। ত্বারানীতে রয়েছে يَوْمَ عِيدَيْن “উভয়টি আমাদের জন্য ঈদ”। আলোচ্য হাদীসটি জুমু‘আর দিনের শ্রেষ্ঠত্বের দলীল, কেননা আল্লাহ তা‘আলা তার নাবী এবং মু‘মিনদেরকে সংবাদ দিলেন নিশ্চয় তিনি তাদের জন্য দীন পরিপূর্ণ করেছেন। সুতরাং তারা এর অতিরিক্ত কোন বিষয়ের মুখাপেক্ষী হবে না, সুতরাং দীন তাদের জন্য পূর্ণাঙ্গ এবং নি‘আমাত পরিপূর্ণ। আর যেদিনে এ আয়াত অবতীর্ণ হলো তার জন্য তো মহান শ্রেষ্ঠত্ব থাকবেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55928>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন